খাতওয়ারী জুলাই ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জুলাই ২০১৮ মাসে **সর্বমোট ১২৯ কোটি ৬৬ লক্ষ ৯৮ হাজার ৩০ টাকা** মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য**। জুলাই ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ০২ কোটি ৩০ লক্ষ ৩৮ হাজার ০৩০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল	৩,৭৭০ লিটার	১,৯৬,৮০০/০০
২।	বার্থিং হাউজার/ওয়্যার রোপ	৪,৩৯০ মিটার	৫৩,৪২,০০০/০০
৩।	সোনা	৬৬০ গ্রাম	২৭,১৬,৯৮০/০০
৪।	ড্রাম/ব্যারেল	৩৮ টি	১৬,৫০০/০০
৫।	অন্যান্য (লোহা, চাউল, মোবাইল)	-	১,৫১,৯৫০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৮ টি	-
২।	ব্ল্যাংক কার্টিজ	০২ রাউন্ডস	
৩।	গোলার খোসা	০৫ রাউন্ডস	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	১০,০৬৫ পিস	৫০,৩২,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	১,৭৭০ বোতল/ক্যান	৮,৮৫,০০০/০০
৩।	সিগারেট	২২,৮০০ শলাকা	২,২৮,০০০/০০
৪।	দেশীয় মদ	৪,০০০ লিটার	২০,০০,০০০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৪৬০ ঘনফুট	৫,৫৭,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	পলিথিন	৮৫,২০৫ কেজি	৭,৯৫,৭৫০/০০
২।	হরিণের মাথা	০১ টি	-
৩।	হরিণের চামড়া	০৪ টি	-
৪।	জবাইকৃত হরিণ	০৩ টি	-
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক/মটর সাইকেল	০৯ টি	৫০,০০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০২ জন	-
উদ্ধার অভিযান			
১।	অপহৃত জেলে উদ্ধার	০৮ জন	
২।	মৃতদেহ উদ্ধার	০৮ জন	
		সর্বমোট	**২,৩০,৩৮,০৩০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুলাই ২০১৮ মাসে **সর্বমোট ১২৭ কোটি ৩৬ লক্ষ ৬০ হাজার টাকার** ২,০১,৪৯,৫০০ মিটার কারেন্ট জাল, ৭৯,৭৮,৪০০ মিটার অন্যান্য জাল, ৫৩৩ পিস বেহুন্দি/ মশারি জাল, ৩,১২,৯৬,২০০ পিস রেনু পোনা, ০৪ টি বোট ও ১৪ জন জেলেকে আটক করা হয়।

৪। **রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ**। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক জুলাই ২০১৮ মাসে বাংলাদেশে অবৈধভাবে মায়ানমার নাগরিক অনুপ্রবেশ, আটক এবং মায়ানমারে ফেরত পাঠানো হয়নি।

৫। **অস্ত্র উদ্ধার অভিযান**। গত ০৯ জুলাই ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর পশ্চিম জোনের সিজি স্টেশান কৈখালী ও বনবিভাগের একটি টিম শ্যামনগর থানাধীন চুনকুড়ি খাল এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। চুনকুড়ি খালের ভিতরে একটি ইঞ্জিনচালিত বোটের উপস্থিতি বুঝতে পেরে টহল দল বোটটি থামানোর জন্য ইশারা করে। বনবিভাগ ও কোস্ট গার্ড বাহিনীর টহল দলের উপস্থিতি টের পেয়ে বোটটি না থামিয়ে দ্রুতগতিতে পালানোর চেষ্টা করলে টহল দল তাদের ধাওয়া করে একপর্যায়ে ০২ জন পাচারকারীসহ বোটটিকে আটক করতে সক্ষম হয়। আটককৃত বোটটিতে তল্লাশি করে দেশীয় ০৩ টি পাইপ গান ও ০৩ টি জবাইকৃত হরিণ উদ্ধার করা হয়। পরবর্তীতে আটককৃত হরিণ শিকারীসহ উদ্ধারকৃত বোট, পাইপ গান ও জবাইকৃত হরিণ শ্যামনগর থানায় হস্তান্তর করা হয়।

৬। **বিশেষ অভিযান**। গত ১০ জুলাই ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, পশ্চিম জোনের অন্তর্ভূক্ত দাকোপ থানাধীন ঢাকী নদী সংলগ্ন বাসুন্দী গ্রাম এলাকায় ডাকাত বাহিনীর সদস্যরা ডাকাতি কাজে ব্যবহারের জন্য অস্ত্র লুকিয়ে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস মংলা ও সিজি আউটপোস্ট নলিয়ানের একটি বিশেষ অভিযান দল উক্ত এলাকায় তল্লাশি চালাতে থাকে। অভিযান দল ঢাকী নদী সংলগ্ন জঙ্গলের পাশে বস্তায় মোড়ানো পরিত্যক্ত অবস্থায় ০৪ টি সিঙ্গেল ব্যারেল দেশীয় গান উদ্ধার করে। অতঃপর উক্ত এলাকায় আরো তল্লাশি করে কোন কিছু না পেয়ে অভিযান দল উক্ত স্থান ত্যাগ করে। পরবর্তীতে ১১ জুলাই ২০১৮ তারিখে উদ্ধারকৃত গান দাকোপ থানায় হস্তান্তর করা হয়।

৭। **বনদস্যু দমন অভিযান**। গত ১২ জুলাই ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, সুন্দরবন সাতক্ষীরা রেঞ্জের অন্তর্গত শ্যামনগর থানাধীন মাটিভাঙ্গা এলাকায় একদল ডাকাত কিছু জেলেকে জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশান কৈখালীর একটি বিশেষ অভিযান দল উক্ত এলাকায় গমন করে তল্লাশি চালাতে থাকে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি টের পেয়ে ডাকাত দলের বোটটি না থামিয়ে দ্রুতগতিতে পালানোর চেষ্টা করলে অভিযান দল তাদের ধাওয়া করে এবং অভিযান দল বোটকে লক্ষ্য করে ০২ রাউন্ড ব্ল্যাংক কার্টিজ ফায়ার করে। একপর্যায়ে ডাকাত দল বোটটিকে খালের পাশে ভিড়িয়ে বনের ভিতর অবস্থান নেয় এবং কোস্ট গার্ড বাহিনীর বোটকে লক্ষ্য করে গোলাবর্ষণ শুরু করলে কোস্ট গার্ড বাহিনীও পাল্টা গোলাবর্ষণ করতে থাকলে ডাকাত দল পালিয়ে জঙ্গলের ভিতর ঢুকে যায় এবং বনের ভিতর তল্লাশি চালিয়ে কোস্ট গার্ড সদস্যরা উক্ত স্থান হতে ডাকাতদের ব্যবহৃত বিভিন্ন মালামাল, ০২ টি একনলা বন্দুক, ০৫ রাউন্ড গোলার খোসা, ০১ টি বোট এবং অপহৃত ০৮ জন জেলেকে উদ্ধার করে। পরবর্তীতে উক্ত এলাকায় কোস্ট গার্ড বাহিনী সাড়াশি অভিযান শুরু করে এবং ডাকাতদের ০২ টি আস্তানা ধ্বংস করে। পরবর্তীতে উদ্ধারকৃত জেলেদেরকে রমজাননগরে এবং মুন্সিগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট এবং আটককৃত ডাকাতের বোটটি কৈখালী ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়। গত ১৩ জুলাই ২০১৮ তারিখে বন্দুক ও গোলার খোসা শ্যামনগর থানায় হস্তান্তর করা হয়।

৮। **উদ্ধার অভিযান**। গত ০৬ জুলাই ২০১৮ তারিখে সীতাকুন্ড থানাধীন বাসবাড়িয়া সী বীচ এলাকায় ০৩ জন ছাত্র পানিতে ডুবে যায়। পরবর্তীতে সিজি বেইস চট্টগ্রাম, নৌ বাহিনী সোয়ার্ডস এবং ফায়ার সার্ভিস এর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে ০৩ জন ছাত্রের মরদেহ উদ্ধার করে। উদ্ধারকৃত মৃতদেহগুলো সীতাকুন্ড থানায় হস্তান্তর করা হয়। এছাড়াও গত ১৫ জুলাই ২০১৮ তারিখে চকরিয়া থানাধীন মাতামোহরি নদী এলাকায় ০৫ জন ছেলে পানিতে ডুবে যায়। পরবর্তীতে সিজি স্টেশান মহেশখালী, ফায়ার সার্ভিস, পুলিশ ও স্থানীয় জনগণের মাধ্যমে ঘটনাস্থলে হতে ০৫ জন ছেলের মরদেহ উদ্ধার করা হয়। উদ্ধারকৃত মৃতদেহগুলো চকরিয়া থানায় হস্তান্তর করা হয়।

৯। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান**। জুলাই ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।